

কুয়েটের ৩৭ শিক্ষার্থীকে শোকজ, প্রতিবাদে ক্যাম্পাসে বিক্ষোভ

খুলনা অফিস

১৩ মে, ২০২৫ ০২:৪৫

শেয়ার

অ +

অ -



ছবি: কালের কণ্ঠ

খুলনা প্রকৌশল প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীদের কারন দর্শানোর নোটিশের (শোকজ) প্রতিবাদে রাতে কুয়েট ক্যাম্পাসে বিক্ষোভ করেছেন শিক্ষার্থীরা।

সোমবার (১২ মে) রাত ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সামনে থেকে বিক্ষোভ মিছিল বের হয়ে ক্যাম্পাসের বিভিন্ন এলাকা প্রদক্ষিণ শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

এর আগে সোমবার শিক্ষকদের লাঞ্ছিত করার অভিযোগে ৩৭ শিক্ষার্থীকে শোকজ করা হয়েছে এমন খবর ছড়িয়ে পড়লে শিক্ষার্থীদের মধ্যে উত্তেজনা দেখা দেয়।

সোমবারই যেসব শিক্ষার্থীকে শোকজ করা হয় তার কপি তাদের কাছে পৌঁছে যায়।

কোনো কোনো শোকজের কপি সামাজিক যোগাযোগ মাধ্যমেও ছড়িয়ে পড়ে।

কুয়েটের ছাত্র কল্যাণ পরিচালক অধ্যাপক ড. আব্দুল্লাহ ইলিয়াছ আক্তার বলেন, নোটিশ দেওয়া শিক্ষার্থীদেরকে আগামী ১৫ মে বিকেল ৫টার মধ্যে জবাব দিতে বলা হয়েছে।

অপরদিকে, রাতে শিক্ষার্থীরা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিলের পাশাপাশি মঙ্গলবার (১৩ মে) বেলা ১১টায় কুয়েটের স্টুডেন্ট ওয়েলফেয়ার সেন্টারের সামনে প্রশাসনের বিরুদ্ধে প্রতিরোধ কর্মসূচি ঘোষণা দিয়েছেন।